# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৪৪

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القراٰن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِىْ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ قَرَأَ (حم)
الْمُؤْمِنَ إِلَى (إِلَيْهِ الْمَصِيرُ)
وَآيَةَ الْكُرْسِيِّ حِينَ يُصْبِحُ حُفِظَ بِهِمَا حَتَّى يُمْسِيَ. وَمَنْ قَرَأَ بِهِمَا حِينَ يُمْسِي حُفِظَ بهما حَتَّى يصبح . رَوَاهُ التِّرْمِذِيّ والدرامي وَقَالَ التِّرْمِذِيّ هَذَا حَدِيث غَرِيب

বাংলা

২১৪৪-[৩৬] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সকালে সূরা হা-মীম ’’আল মু’মিন..... ইলায়হিল মাসীর’’ পর্যন্ত ও আয়াতুল কুরসী পড়বে, তাকে এর বারাকাতে সন্ধ্যা পর্যন্ত হিফাযাতে রাখা হবে। আর যে ব্যক্তি তা সন্ধ্যায় পড়বে তাকে সকাল পর্যন্ত নিরাপদ রাখা হবে- (তিরমিযী ও দারিমী। কিন্তু ইমাম তিরমিযী বলেন, হাদীসটি গরীব।)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২৮৭৯, য‘ঈফ আল জামি‘ ৫৭৬৯, শু‘আবূল ঈমান ২২৪৫। কারণ এর সানাদে ‘আবদুর রহমান ইবনু আবূ বাকর আল মুলায়কী স্মৃতিশক্তিগত ত্রুটির কারণে একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি সকাল বেলা সূরা হা-মীম অর্থাৎ- সূরা মু’মিন এর শুরু থেকে ইলায়হিল মাসীর পর্যন্ত তিলাওয়াত করবে এর সাথে আয়াতুল কুরসী, সে সন্ধ্যা পর্যন্ত সকল প্রকার অনিষ্টতা থেকে নিরাপদে থাকবে। অনুরূপ সন্ধ্যায় পাঠ করলে সারারাত সে নিরাপদে থাকবে। এটা হলো এ আয়াতের মহা বারাকাতের জন্য।

দারিমীর বর্ণনায় এ কথাও আছে, সে সকাল থেকে সন্ধা পর্যন্ত এবং সন্ধা থেকে সারা রাত কোন অপছন্দনীয় বিষয় দেখবে না। বিপদ মুসীবাত দুঃখ-বেদনা ইত্যাদি থেকে সে নিরাপদে থাকবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56704

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন